



প্রশাসনের পক্ষপাতিত্ব ভোটের স্বচ্ছতা হুমকির মুখে ফেলেছে: আসিফ মাহমুদ



ছবি: সংগৃহীত

তিনি বলেন, নির্বাচন কমিশনে ১১ দলের অভিযোগ উপেক্ষিত হয়, অথচ বিএনপি প্রার্থীর শোকজ হলে অফিসারকে সরানো হয়। প্রশাসন ও নির্বাচন কমিশনের পক্ষপাতিত্বে সরকারি কর্মকর্তারাও ধানের শীষের পক্ষে ভোট চাইছেন।

মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) নাটোরের সিংড়ায় নির্বাচনী পদযাত্রায় নির্বাচনী পরিবেশ নিয়ে মন্তব্য করেন জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া।

আসিফ মাহমুদ সতর্ক করেছেন, প্রশাসন ব্যবহার করে কেউ পাতানো নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার চেষ্টা করলে, তারা যেন মনে না করেন অতীতের মতো সফল হতে পারবেন। ৫ আগস্ট পরবর্তী পরিস্থিতিতে তা আর সম্ভব নয়।

LENS ASIA